

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৬।
www.lawjusticediv.gov.bd

নং-১০.০০.০০০০.১৩০.২৭.০০২.২০-২১৯

তারিখ : ৯ অক্টোবর ১৪২৭ বঙ্গাব্দ
২৪ নভেম্বর, ২০২০ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

যেহেতু মানিকগঞ্জ জেলার জেলা রেজিস্ট্রার জনাব গোলাম মাহবুব (সাবেক জেলা রেজিস্ট্রার রাজবাড়ী)এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী অসদাচরণের অভিযোগে বিভাগীয় মোকদ্দমা নং ০২/২০২০ রুজু করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে;


যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ গুরুতর;

যেহেতু, আনীত অভিযোগসমূহ পূর্ণাঙ্গ তদন্তের স্বার্থে তাকে বিভাগীয় মোকদ্দমা চলাকালীন কর্মে বহাল রাখা সমীচীন হবে না;

সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ১২(১) অনুযায়ী মানিকগঞ্জ জেলার জেলা রেজিস্ট্রার, জনাব গোলাম মাহবুব (সাবেক জেলা রেজিস্ট্রার রাজবাড়ী)-কে সাময়িক বরখাস্ত করা হলো। সাময়িকভাবে বরখাস্ত থাকাকালীন তিনি মহা-পরিদর্শক, নিবন্ধন এর কার্যালয়ে সংযুক্ত থাকবেন এবং বিধি মোতাবেক ভাতাদি প্রাপ্ত হবেন।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



২৪/১১/২০২০
(মোঃ গোলাম সারওয়ার)
সচিব

নং-১০.০০.০০০০.১৩০.২৭.০০২.২০-২১৯

তারিখ : ২৪-১১-২০২০ খ্রি:।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ০১। মহা-পরিদর্শক, নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ১৪, আব্দুল গণি রোড, ঢাকা।
- ০২। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ০৪। উপ-পরিচালক, ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (উল্লিখিত প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ০৫। জেলা রেজিস্ট্রার, মানিকগঞ্জ।
- ০৬। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, মানিকগঞ্জ।
- ০৭। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৮। জনাব গোলাম মাহবুব, জেলা রেজিস্ট্রার, মানিকগঞ্জ (সাময়িক বরখাস্তকৃত)।
- ০৯। অফিস কপি/গার্ড ফাইল।


২৪/১১/২০২০
(মোঃ আনোয়ারুল হক)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫৬৬০১০।